# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৫১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ফজরের দুই রাকাত সালাতে সূরা ইখলাস পাঠ করে, তার জন্য ঈমান সাব্যস্তকরণ প্রসঙ্গে বর্ণনা

ذكر إثبات الإيمان لمن قرأ في سُورَةَ الْإِخْلَاصِ فِي رَكْعَتَيِ الْفَجْرِ

---

আরবী

2451 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحَسَنِ بْنِ عَبْدِ الْجَبَّارِ الصُّوفِيُّ بِبَغْدَادَ حَدَّثَنَا يَحْيَى بْنُ مَعِينٍ حَدَّثَنَا يَحْيَى بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أُنَيْسٍ الْأَنْصَارِيُّ قَالَ: سَمِعْتُ طَلْحَةَ بْنَ خِرَاشٍ يُحَدِّثُ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ: أَنَّ رَجُلًا قَامَ فَرَكَعَ رَكْعَتَيِ الْفَجْرِ فَقَرَأَ فِي الرَّكْعَةِ الْأُولَى {قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ} [الكافرون: 1] حَتَّى انْقَضَتِ السُّورَةُ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (هَذَا عَبْدٌ عَرَفَ رَبَّهُ) وَقَرَأَ فِي الْآخِرَةِ {قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ} [الإخلاص: 1] حَتَّى انْقَضَتِ السُّورَةُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (هَذَا عَبْدٌ آمَنَ بِرَبِّهِ)

فَقَالَ طَلْحَةُ: فَأَنَا أَسْتَحِبُّ أَنْ أَقْرَأَ بِهَاتَيْنِ السُّورَتَيْنِ فِي هَاتَيْنِ الرَّكْعَتَيْنِ.

الراوي : جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2451 | خلاصة حكم المحدث: صحيح - ((صفة الصلاة)).

বাংলা

২৪৫১. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি দাঁড়িয়ে ফজরের দুই রাকা‘আত সালাত আদায় করে। অতঃপর সে প্রথম রাকা‘আতে قل يا أيها الكافرون (আপনি বলুন, হে কাফিরগণ। -সূরা কাফিরূন।) এই সূরাটি শেষ পর্যন্ত পাঠ করলে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “এই ব্যক্তি তার প্রভুকে চিনতে পেরেছে।” অতঃপর সেই ব্যক্তি দ্বিতীয় রাকা‘আতে قل هو الله أحد (বলুন, আল্লাহ এক। সূরা ইখলাস: ১।) এই সূরাটি শেষ পর্যন্ত পাঠ করলে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “এই ব্যক্তি তার প্রভুর প্রতি ঈমান আনয়ন করেছে।”

অতঃপর তালহা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “এজন্য আমি এই দুই রাকা‘আতে এই দুটি সূরা পাঠ করতে ভালবাসি।”[1]

## ফুটনোট

[1] তিরমিযী: ৪১৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সিফাতুস সালাহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91776

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন